# মডেল মসজিদ প্রকল্পের অনিয়ম নিয়ে তদন্ত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

মডেল মসজিদ নির্মাণ প্রকল্পের ভবনের মান ও ব্যয় নিয়ে ওঠা অভিযোগের বিষয়ে তদন্তের নির্দেশ দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, পূর্ববর্তী সরকারের সময়ে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের আড়ালে রাষ্ট্রীয় অর্থের অপচয় ও অনিয়মের অভিযোগ রয়েছে, যার মধ্যে মডেল মসজিদ প্রকল্পের বিষয়টিও পর্যালোচনার দাবি রাখে।

সোমবার (১৩ জুলাই) জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদীন ফারুকের সম্পূরক প্রশ্নের জবাবে ধর্ম মন্ত্রণালয়ের পক্ষে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

সংসদ সদস্য জয়নুল আবদীন ফারুক তার নির্বাচনী এলাকার সেনবাগে নির্মিত মডেল মসজিদের বিভিন্ন সমস্যা তুলে ধরে বলেন, ভবনটির ছাদ থেকে পানি পড়ছে এবং সেখানে যাতায়াত ব্যবস্থাও সন্তোষজনক নয়। তিনি প্রকল্পের গুণগত মান ও ব্যয় নিয়ে তদন্তের দাবি জানান।

এ সময় ডেপুটি স্পিকার কায়সার কামালও তার নির্বাচনী এলাকার একটি মডেল মসজিদের দুরবস্থার কথা উল্লেখ করেন। তিনি বলেন, মসজিদটির অবস্থান ও অবকাঠামোগত সীমাবদ্ধতার কারণে স্থানীয়দের মধ্যে নানা অসন্তোষ তৈরি হয়েছে।

জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মডেল মসজিদ নির্মাণ একটি ইতিবাচক উদ্যোগ হলেও প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোথাও কোনো অনিয়ম বা দুর্বলতা থাকলে তা খতিয়ে দেখা হবে। তিনি জানান, প্রকল্পের ব্যয় বৃদ্ধি এবং নির্মাণমান নিয়ে ওঠা প্রশ্নগুলো তদন্তের আওতায় আনা হবে।

তিনি আরও বলেন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বিষয়টি পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হবে। তদন্ত প্রক্রিয়ায় প্রয়োজন হলে সরকারের অন্যান্য সংস্থাও যুক্ত হতে পারে বলেও উল্লেখ করেন তিনি।